



মিজান এয়ার ইন্টারন্যাশনাল এর নবায়ন আবেদন বাতিল আদেশের বিরুদ্ধে
মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক স্থগিতাদেশের প্রেক্ষিতে আদেশনামা



আপীল নং- ০১৪/২০২২

তারিখঃ ১৩/০৩/২০২২

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
২৬/০৬/২০২২	<p>আপীলকারী জনাব মিজানুর রহমান মুন্না, স্বত্বাধিকারী, মিজান এয়ার ইন্টারন্যাশনাল, মৈন্যারটেক, উত্তরখান, ঢাকা ট্রাভেল এজেন্সিটি নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন আবেদন দাখিল না করার কারণে গত ০১/০৩/২০২২ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদন বাতিল করা হয়। উক্ত বাতিলাদেশের বিরুদ্ধে গত ১০/০৩/২০২২ তারিখে আপীল দায়ের করেন। আপীল কর্তৃপক্ষ শুনানীঅন্তে কাগজপত্রাদি পর্যালোচনা দেখা যায়, ট্রাভেল এজেন্সিটি নিবন্ধন সনদ নবায়ন আবেদন মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ০৮/০৮/২০২১ খ্রি। এজেন্সিটি নবায়ন আবেদন দাখিল করেছে ১৪/০২/২০২২ তারিখে যা নির্ধারিত সময় অতিক্রান্তের পরে। নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন আবেদন দাখিল করতে না পারার বিষয়ে আপীলকারী উল্লেখযোগ্য কারণ প্রদর্শনে ব্যর্থ হওয়ায় আপীল কর্তৃপক্ষ ০১৪/২০২২ নং আপীলটি গত ০৩/০৪/২০২২ তারিখে নামঞ্জুর করেন। আপীল কর্তৃপক্ষের নামঞ্জুর আদেশের পরিপ্রেক্ষিতে আপীলকারী মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৯৭৯/২০২২ নং রিট পিটিশন দাখিল করেন। মহামান্য আদালত ২৪/০৪/২০২২ তারিখে উক্ত রিট পিটিশন শুনানী শেষে এ মন্ত্রণালয়ের আপীল কর্তৃপক্ষের আপীল নামঞ্জুর আদেশ এবং নিবন্ধন কর্তৃপক্ষের নিবন্ধন নবায়ন বাতিলাদেশ আগামী ০৬(ছয়) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেন। পরবর্তি ধার্য ২৪/১০/২০২২ নির্ধারণ করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।</p> <p style="text-align: right;">স্বাক্ষরিত/-২৬.০৬.২০২২ মোঃ অলিউল্লাহ, এনডিসি অতিরিক্ত সচিব (আপীল কর্তৃপক্ষ)</p>	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-৩ শাখা

নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.০১৪.২০২২-

৬৪১

তারিখ: ২৮/০৬/২০২২

**অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।
- ৩) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (নিবন্ধন কর্তৃপক্ষ), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) জেলা প্রশাসক, ঢাকা।
- ৬) উপসচিব (আইন/পর্যটন-৩ শাখা), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) প্রোগ্রামার এ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশে জন্য)।
- ৯) অতিরিক্ত সচিব(আপীল কর্তৃপক্ষ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০।
- ১১) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
- ১২) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----
- ১৩) জনাব মিজানুর রহমান মুন্না, স্বত্বাধিকারী, মিজান এয়ার ইন্টারন্যাশনাল, মৈন্যারটেক, উত্তরখান, ঢাকা।

সৈয়দ শরিফুল ইসলাম

উপ সচিব

পর্যটন-৩ শাখা

ফোন: ০২-৯৫৪০৮৩৯

ই-মেইল: dstourism3@mocat.gov.bd